রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, এপ্রিল ২৭, ২০২৫**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**সংশোধনী বিজ্ঞপ্তি**

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২/ ২৭ এপ্রিল ২০২৫

নং **১৭.০০.২৬০০.০৩৫.৪৬.০০৩.২০-১২০।**—বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও যুগ্ম জেলা জজ, ১ম আদালত, ঢাকা এ দায়েরকৃত নির্বাচনি মামলা নং-১৫/২০২০ এর ২৭ মার্চ ২০২৫ তারিখের আদেশে ০১/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে 'নৌকা' প্রতীক এর প্রার্থী জনাব শেখ ফজলে নুর তাপস-কে নির্বাচিত ঘোষণা বাতিল করে 'ধানের শীষ' প্রতীকের প্রার্থী জনাব ইশরাক হোসেন-কে নির্বাচিত মেয়র ঘোষণা করায় এতদ্বারা নির্বাচন কমিশন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে প্রকাশিত ১৯৯৩ নং পৃষ্ঠার ১নং কলামের ১নং ক্রমিকের বিপরীতে ২নং কলামে বর্ণিত 'শেখ ফজলে নূর তাপস, পিতা-মরহুম শেখ ফজলুল হক মনি, বাড়ী নং ৭০, সড়ক নং ১৮, ব্লক- জে, বনানী, ঢাকা-১২১৩' এর পরিবর্তে 'ইশরাক হোসেন, পিতাঃ সাদেক হোসেন খোকা, ঠিকানাঃ ৪/১, গোপীবাগ ২য় লেন, ওয়ারী টি, এস, ও - ১২০৩, মতিঝিল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা' এবং ৩নং কলামে বর্ণিত 'বাংলাদেশ আওয়ামী লীগ' এর পরিবর্তে 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বি,এন,পি' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : ৪.০০